ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-৩৪৮০
বিলোনীয়া, ৩০ অক্টোবর, ২০২৫

**১৫-১৬ নভেম্বর বিলোনীয়ায় ইউনিটি প্রমো ফেস্ট ২০২৫**
**ঐক্যবদ্ধ ও সমৃদ্ধ ত্রিপুরা গড়ে তোলা হল প্রমো ফেস্টের উদ্দেশ্য ঃ পর্যটনমন্ত্রী**

পর্যটন দপ্তরের উদ্যোগে এবছর প্রথমবারের মতো বিলোনীয়ার আইসিভি কলেজ মাঠে অনুষ্ঠিত হবে ইউনিটি প্রমো ফেস্ট ২০২৫। আগামী ১৫ এবং ১৬ নভেম্বর এই দুইদিন এখানে প্রমো ফেস্ট অনুষ্ঠিত হবে। আজ পর্যটন মন্ত্রী সুশান্ত চৌধুরীর সভাপতিত্বে বিলোনীয়া সার্কিট হাউসের কনফারেন্স হলে এ উপলক্ষ্যে এক প্রস্তুতিসভা অনুষ্ঠিত হয়। প্রমো ফেস্টের উদ্দেশ্য সম্পর্কে বলতে গিয়ে পর্যটন মন্ত্রী বলেন, এ রাজ্যের জাতি উপজাতি সকল অংশের মানুষের সংস্কৃতি, ঐতিহ্য ইত্যাদি প্রসারের মাধ্যমে ও পর্যটনের বিকাশে ঐক্যবদ্ধ ও সমৃদ্ধ ত্রিপুরা গড়ে তোলা হল এই প্রমো ফেষ্টের উদ্দেশ্য। পাশাপাশি রাজ্যের অর্থনীতির বিকাশ ও বেকারদের কর্মসংস্থান সৃষ্টিতেও এই ফেস্ট এক গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে বলে তিনি আশা প্রকাশ করেন। এই ফেস্টে সাংস্কৃতিক অনুষ্ঠানের পাশাপাশি থাকবে ফ্যাশান শো, বিভিন্ন ধরণের ক্রীড়া অনুষ্ঠান, ফুড স্টল, বিভিন্ন দপ্তরের প্রদর্শনী মন্ডপ, সেলফি পয়েন্ট ইত্যাদি। পর্যটন মন্ত্রী এই ফেস্টকে সাফল্যমন্ডিত করতে সবার প্রতি সহযোগিতার আহ্বান জানান। উল্লেখ্য, গত বছর প্রমো ফেস্ট অনুষ্ঠিত হয়েছিল রাজ্যের চারটি কেন্দ্রে। এ বছর অনুষ্ঠিত হবে ছয়টি কেন্দ্রে। আজকের সভায় অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন দক্ষিণ ত্রিপুরা জিলা পরিষদের সভাধিপতি দীপক দত্ত, বিধায়ক প্রমোদ রিয়াং, বিধায়ক স্বপ্না মজুমদার, সমাজসেবী দীপায়ন চৌধুরী, বিলোনীয়া পুর পরিষদের চেয়ারপার্সন নিখিল চন্দ্র গোপ, পর্যটন দপ্তরের সচিব ইউকে চাকমা, অধিকর্তা প্রশান্ত বাদল নেগি, জেলা শাসক ও সমাহর্তা মহম্মদ সাজ্জাদ পি, এসপি মৌর্য কৃষ্ণ সি এবং বিভিন্ন দপ্তরের আধিকারিকবৃন্দ।

******